**জরুরী**

**ফ্যাক্স/ই-মেইল/বিশেষ বাহক মারফত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য পরিকল্পনা-৩ শাখা
www.mofl.gov.bd

নং- ৩৩.০০.০০০০.১৩৭.১৪.০০৭.১৪ (৩য় খন্ড)-**০২**

তারিখঃ ২৬ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০২২ খ্রিঃ

**বিষয়ঃ "চাঁদপুর নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ডিপিপি'র ওপর অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী প্রেরণ।**

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) কর্তৃক বাস্তবায়নাধীন "চাঁদপুর নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ডিপিপি'র ওপর অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির ৬ষ্ঠ সভা গত ২১/১২/২০২১ তারিখ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়।

০২। বর্ণিতাবস্থায়, উক্ত স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৫ (পাঁচ) পাতা।

(নীলুফা আক্তার)
যুগ্মসচিব (অঃ দাঃ)
ফোনঃ ৯৫৪৬২৮৪
js_planning2@mofl.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃঃ আঃ উপসচিব, বাজেট-২০)
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলানগর, ঢাকা।
৪। সদস্য (সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলানগর, ঢাকা।
৫। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই বাংলানগর, ঢাকা।
৬। সদস্য (সচিব), কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই বাংলানগর, ঢাকা।
৭। সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই বাংলানগর, ঢাকা।
৮। অতিরিক্ত সচিব, (মৎস্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। অতিরিক্ত সচিব (পরিকল্পনা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। যুগ্মসচিব (ব্লু-ইকোনমি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। যুগ্মসচিব (পরিকল্পনা-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। যুগ্মসচিব (পরিকল্পনা-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১৪। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই), ময়মনসিংহ।
১৫। প্রকল্প পরিচালক, "চাঁদপুর নদীকেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্প, নদী কেন্দ্র, বিএফআরআই, চাঁদপুর।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য পরিকল্পনা-৩ শাখা
www.mofl.gov.bd

বিষয়ঃ বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) কর্তৃক বাস্তবায়নাধীন " চাঁদপুর নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী।

বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) কর্তৃক বাস্তবায়নাধীন " চাঁদপুর নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ (২য় সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৬ষ্ঠ সভা গত ২১/১২/২০২১ খ্রিঃ তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী উক্ত সভায় সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশ করা হলো।

২.০ উপস্থাপনাঃ

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (পরিকল্পনা) সভাকে জানান যে, বিএফআরআই কর্তৃক বাস্তবায়নাধীন 'চাঁদপুর নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ৬ষ্ঠ সভা অনুষ্ঠিত হচ্ছে। এরপর প্রকল্প পরিচালক সভাকে জানান যে, আলোচ্য প্রকল্পটি মোট ৩৩৫৩.৯০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই/২০১৭ হতে জুন/২০২১ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয় । পরবর্তীতে ১ম সংশোধিত ডিপিপি ৩৮৫৬.৫৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এবং ২য় সংশোধিত ডিপিপি ৩৪৭৪.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ও জুন, ২০২২ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করে গত ১৬/০৯/২০২০ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়।

২০২১-২২ অর্থ বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে ৬২৯.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে, নভেম্বর/২০২১ পর্যন্ত ব্যয় হয়েছে ৯৯.০৫ লক্ষ টাকা, যা বরাদ্দের ১৫%। প্রকল্পের শুরু থেকে নভেম্বর/২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ২৭৭২.২২ লক্ষ টাকা যা অনুমোদিত প্রকল্প ব্যয়ের ৭৯.৮০%। প্রকল্পটি চলতি বছরে সমাপ্তির জন্য নির্ধারিত।

২.২ আলোচ্য প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে- ইলিশ গবেষণা জোরদারকরণের জন্য চাঁদপুর নদী কেন্দ্রে আধুনিক গবেষণা ভেসেল ক্রয়সহ অন্যান্য অবকাঠামো স্থাপন; ইলিশ সম্পদ সংরক্ষণ এবং উৎপাদন বৃদ্ধির জন্য যথাযথ প্রযুক্তি উদ্ভাবনের লক্ষ্যে যুগোপযোগী গবেষণা পরিচালনা এবং ইলিশ সম্পদ সংরক্ষণ এবং উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন স্টেকহোল্ডারদের প্রযুক্তি ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা ।

৩.০ আলোচনাঃ

৩.১ প্রকল্প পরিচালক পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে প্রকল্পের বিভিন্ন কার্যক্রম, অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি, পূর্ববতী সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। সভাপতি প্রথমে প্রকল্পের উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম ও তার অগ্রগতি জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম হলো- ইলিশ সম্পদ সংরক্ষণ ও উৎপাদন বৃদ্ধিতে বিভিন্ন প্রয়োগিক গবেষণা পরিচালনা, আধুনিক গবেষণা ভেসেল

সংগ্রহ, পন্টুন, স্পিডবোট, মটরসাইকেল ক্রয়, কেন্দ্রের গবেষণা কার্যক্রম জোরদারকরণের লক্ষে বিভিন্ন অবকাঠামো নির্মাণ (এ-টাইপ ডুপ্লেক্স ভবন, ডরমেটরী কাম ট্রেনিং ভবন, মেশিনারী এবং ফিড ষ্টোর, ইলেকট্রিক সাব-স্টেশন ভবন, ভেসেল ঘাটের জন্য বার্থিং স্ট্রাকচার, গভীর নলকূপ স্থাপন ইত্যাদি)।

৩.২ প্রকল্প পরিচালক সভাকে জানান যে, বিএফআরআই কর্তৃক বাস্তবায়নাধীন "চাঁদপুর নদী কেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ (২য় সংশোধিত)" প্রকল্পের আওতায় অন্যতম প্রধান কার্যক্রম হলো গবেষণা জাহাজ নির্মাণ/সংগ্রহ। সভায় জানানো হয় প্রায় ৭৭৩.০০ লক্ষ টাকা ব্যয়ে একটি গবেষণা জাহাজ ক্রয় করে সকল ইকুইপমেন্ট ও মেশিনারিসমূহ কমিশনিং করে গত ১৯ আগষ্ট ২০২১ তারিখে টেকনিক্যাল কমিটির উপস্থিতিতে Acceptance Trial সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। ইতোমধ্যে ইনস্টিটিউটের দশজন কর্মকর্তা/কর্মচারীদের ১৪দিনের ট্রেনিং সম্পূর্ন করা হয়েছে। ভেসেলটি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সচিব ও অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করার জন্য সম্পূর্ণরূপে প্রস্তুত রয়েছে। সভাপতি বলেন, মাননীয় মন্ত্রীর সাথে আলোচনা করে গবেষণা ভেসেলের উদ্বোধনের ব্যবস্থা করতে হবে, জানুয়ারি ২০২২ এর প্রথম সপ্তাহে উদ্বোধনের আয়োজন করা যেতে পারে।

৩.৩ প্রকল্পের আওতায় মোট ৯টি গবেষণা কাজের মধ্যে জুন,২১ পর্যন্ত ৬টি সমাপ্ত হয়েছে, ৩টি চলমান রয়েছে। গবেষণা কার্যক্রমগুলো বাস্তবায়ন শেষ হলে ইলিশের আহরণ মাত্রা, সর্বোচ্চ টেকসই উৎপাদন, জীবভর নির্ধারণ, ইলিশ মাছের অকাল ডিম্বাশয়ের পরিপক্কতার কারণ নির্ণয় করা যাবে-যা ভবিষ্যতে ইলিশ ব্যবস্থাপনা কৌশল নীতি বা কর্মপরিকল্পনা প্রণয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। **প্রকল্পের আওতায় বাস্তবায়িত গবেষণা কর্মসূচির ফলাফল পাওয়ার পয়েন্টের সাহায্যে সভায় উপস্থাপন করা হয়।** সভাপতি বলেন, প্রকল্পের অর্থায়নে যে সকল গবেষণা কার্যক্রম নেয়া হয়েছে তা পৃথকভাবে দেখাতে হবে, রাজস্ব বাজেট ও উন্নয়ন বাজেটে চলমান গবেষণার দ্বৈততা পরিহার করতে হবে। সকল গবেষণার ফলাফল প্রকাশনার আকারে সংরক্ষণ করতে হবে যাতে পরবর্তী সময়ে তার ফলোআপ করা যায়। ইলিশের কতটি প্রজাতি রয়েছে তা যাচাই করতে হবে এবং প্রতিটি প্রজাতির জন্য ভিন্ন ভিন্ন জিন ব্যাংক করতে হবে। গবেষণার ফলাফল আউটপুট হিসেবে প্রকল্প সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদনে(পিসিআর) অন্তর্ভুক্ত করতে হবে।

৩.৪ এছাড়াও প্রকল্পের আওতায় ডরমিটরী কাম প্রশিক্ষণ ভবন, এ-টাইপ আবাসিক ডুপ্লেক্স ভবন, মেশিনারী এবং ফিড ষ্টোর, ইলেকট্রিক সাব-স্টেশন কাম জেনারেটর ভবন, ডিপ টিউবওয়েল স্থাপন, পানি সরবরাহ এবং ড্রেনেজ ব্যবস্থাপনা, লো-হাইট ওভারহেড ওয়াটার ট্যাংক, বাউন্ডারী ওয়াল, অভ্যন্তরীণ আরসিসি রাস্তা, গাডর্সেড, গেইট এবং ভেসেল ঘাটের জন্য বার্থিং স্ট্রাকচার নির্মাণ, স্পিড বোট,যানবাহন, গবেষণা যন্ত্রপাতি, অফিস এবং প্রশিক্ষণ যন্ত্রপাতি ইত্যাদি সংগ্রহ কার্যক্রম ইতোপূর্বে সম্পন্ন হয়েছে। বাউন্ডারী ওয়াল ও অভ্যন্তরীণ আরসিসি রাস্তার আংশিক কাজের দরপত্র ১৫-১২-২০২১খ্রি. তারিখে উন্মুক্ত করা হয়েছে। ৩০-১২-২০২১খি তারিখের মধ্যেই Notification of Award প্রদান করা হবে।

৩.৫ প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের সকল কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে এবং প্রকল্পটি সংশোধিত লক্ষমাত্রা অনুযায়ী জুন ২০২২ এ সমাপ্ত হবে। প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা/অবহিত করার জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হয়েছে।

৪.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৪.১ মাননীয় মন্ত্রীর সম্মতি সাপেক্ষে গবেষণা ভেসেলের আনুষ্ঠানিক হস্তান্তর জানুয়ারি ২০২২ এর প্রথম সপ্তাহে করতে হবে;

৪.২ প্রকল্পের অর্থায়নে যে সকল গবেষণা কার্যক্রম নেয়া হয়েছে তা পৃথকভাবে দেখাতে হবে, রাজস্ব বাজেট ও উন্নয়ন বাজেটে চলমান গবেষণার দ্বৈততা পরিহার করতে হবে;

৪.৩ সকল গবেষণার ফলাফল প্রকাশনার আকারে সংরক্ষণ করতে হবে যাতে যাতে পরবর্তী গবেষণায় তা ব্যবহার করা যায়। গবেষণার ফলাফল আউটপুট হিসেবে প্রকল্প সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদনে(পিসিআর) অন্তর্ভুক্ত করতে হবে।

৪.৪ সংশোধিত লক্ষমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কার্যক্রম জুন ২০২২ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

৫.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী)

সচিব

বিষয়ঃ "চাঁদপুর নদীকেন্দ্রে ইলিশ গবেষণা জোরদারকরণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ওপর ৬ষ্ঠ স্টিয়ারিং কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা।

স্থানঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (ভবন নং-৬, কক্ষ নং-৫১০-৫১২) বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

তারিখ ও বারঃ ২১/১২/২০২১, মঙ্গলবার।

সময়ঃ দুপুর ১২.০০ ঘটিকা।

| ক্রমিক নং | নাম ও পদবী | সংস্থার নাম | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | কাজী শামস আফরোজ<br>মহাপরিচালক | মৎস্য অধিদপ্তর | ০১৭১১৭৬৮৬২৭ | ২১/১২/২১ |
| ২. | মো: তৌফিকুল আরিফ<br>অতিরিক্ত সচিব | মওপ্রাম | ০১৭১১৬৪৪৬৮১৬ | ২১/১২/২১ |
| ৩. | ড. মো. মশিউর রহমান<br>যুগ্মসচিব | মওপ্রাম | 01517261679 | 21/12/21 |
| ৪. | মোহাম্মদ মাহিদুর রহমান<br>যুগ্মপ্রধান | কৃপাসপল্লী বিভাগ<br>পরি: কমিশন | ০১৭১৫-১৪৫১১৬ | ২১/১২/২০২১ |
| ৫. | নীলুফা আক্তার<br>যুগ্মসচিব | মওপ্রাম | | ২১/১২/২১ |
| ৬. | নুসরাত নোমান<br>যুগ্মপ্রধান | কার্যক্রম বিভাগ | 01711137608 | ২১/১২/২১ |
| ৭. | মোহাম্মদ হাবীবুর রহমান<br>যুগ্মসচিব | মওপ্রাম | ০১৭৬৮৫৪৫৬৪৪ | ২১/১২/২১ |
| ৮. | মোহা: মোজাম্মেল হক<br>উপসচিব | মওপ্রাম | ০১৭১১ ০৩৭৭৫৪ | |
| ৯. | ডা. ইয়াহিয়া মাহমুদ<br>মহাপরিচালক | বিএফআরআই | ০১৭১২৫৫৬৬০৬৪ | |
| ১০. | আবদুল্লাহ আল মামুন<br>মহাপরিচালক | আইএমইডি | 01715134059 | ২১/১২/২১ |
| ১১. | মো. শহীদুল ইসলাম<br>PSO | BFRI | 01716193493 | ২১/১২/২১ |

| ক্রমিক নং | নাম ও পদবী | সংস্থার নাম | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১২. | ড. M.A. [signature] J.S., F.D. | অর্থ বিভাগ | 01971-507024 | [signature] |
| ১৩. | মোহাম্মদ মিজানুর রহমান [illegible] উপপ্রধান (উপসচিব) | এনইসি-একনেক প/বি | 01712 659365 | [signature] |
| ১৪. | [illegible] | MoFL | 01912335785 | [signature] |
| ১৫. | Dr. Mohammad Ashraful Alam | BFRI | 01717367436 | [signature] |
| ১৬. | Golam Mahmuddin Hassan PS to Secy | MoLF | 01812280525 | [signature] |
| ১৭. | [illegible] অতি: সচিব | MOFL | 01712-749920 | [signature] |
| ১৮. | | | | |
| ১৯. | | | | |
| ২০. | | | | |
| ২১. | | | | |
| ২২. | | | | |